# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সফরে বের হওয়ার সময় যখন কোন ব্যক্তি বাহনে আরোহন করতে ইচ্ছা করে, তখন কী বলবে তার বিবরণ

ذِكْرُ مَا يَقُولُ الرَّجُلُ عِنْدَ الرُّكُوبِ لِسَفَرٍ يُرِيدُ الْخُرُوجَ فِيهِ

আরবী

2684 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ الْبَارِقِيِّ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عليه وسلم كان إذا سافر فركب على رَاحِلَتِهُ كَبَّرَ ثَلَاثًا ثُمَّ قَالَ: {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ} [الزخرف: 14] يَقْرَأُ الْآيَتَيْنِ ثُمَّ يَقُولُ: (اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ فِي سَفَرِي هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا السَّفَرَ وَاطْوِ لَنَا الْأَرْضَ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ اصْحَبْنَا فِي سَفَرِنَا فَاخْلُفْنَا فِي أَهْلِنَا) وَكَانَ إِذَا رَجَعَ قال: (آيبون تائبون لربنا حامدون)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2684 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2339): م.

বাংলা

২৬৮৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর করার ইচ্ছা করতেন, অতঃপর তাঁর বাহনে আরোহন করতেন, তখন তিনি তিনবার তাকবীর দিতেন এবং বলতেন, سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ (ঐ সত্তার পবিত্রতা ঘোষনা করছি, যিনি আমাদেরকে এটি বশীভূত করে দিয়েছেন। আমরা অবশ্যই এদের বশীভূতকারী ছিলাম না। –সূরা যখরুফ: ১৩।) তিনি দুই আয়াত পাঠ করতেন। তারপর বলতেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ فِي سَفَرِي هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا السَّفَرَ وَاطْوِ لَنَا الْأَرْضَ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ

اصْحَبْنَا فِي سَفَرِنَا فَاخْلُفْنَا فِي أَهْلِنَا (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আমার এই সফরে পুণ্য, তাকওয়া ও এমন আমল চাচ্ছি, যাতে আপনি সন্তুষ্ট হবেন। হে আল্লাহ, আপনি আমাদের সফরকে সহজ করে দিন ও জমিনকে সংকুচিত করুন। হে আল্লাহ, আপনিই (আমার) সফর-সঙ্গী, আমার পরিবারের তত্ত্বাবধায়ক, হে আল্লাহ, আপনি আমাদের সফরে সঙ্গী হোন এবং আমাদের পরিবারের তত্ত্বাবধায়ক হোন)।

আর যখন সফর থেকে ফিরে আসতেন, তখন বলতেন, آيبون تائبون لربنا حامدون (আমরা তাওবাকারী, প্রত্যাবর্তনকারী এবং আমাদের প্রভুর প্রশংসাকারী।)”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৪৪; তিরমিযী: ৩৪৪৭; দারেমী: ২/২৮৫; হাকিম:২/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন